গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
কোম্পানি-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd

৩১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ।

নং-১৪.০০.০০০০.০০৮.২৭.০২৮.২৩. ৭৫ তারিখ: ---------------------------

১৪ মে ২০২৪ খ্রিষ্টাব্দ।

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব বিশ্বজিৎ রায় (২২৫০), বিভাগীয় প্রকৌশলী (চ:দা:), টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা, বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) হিসাবে বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)-এ কর্মরত থাকাকালীন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্মারক নং-১৪.০০.০০০০.০০৮.০৮.০০২.১২-৩৪৩; তারিখ: ০৬-০৮-২০১৫ এর প্রেক্ষিতে যুক্তরাষ্ট্রের, University of South Alabama-তে Master of Science in Electrical, Electronics and Communication Engineering-এ অধ্যয়নের উদ্দেশ্যে ০৬-০৮-২০১৫ হতে ০৫-০৮-২০১৬ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের জন্য শিক্ষা ছুটি নিয়ে বিদেশ গমন করেন;

০২। যেহেতু, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে ৩১-০৭-২০১৭ তারিখে পূর্বের ছুটির ধারাবাহিকতায় তাকে আরও ০১(এক) বছরের জন্য শিক্ষা ছুটির ভূতাপেক্ষ অনুমোদন এবং বিশ্ববিদ্যালয় পরিবর্তন করে যুক্তরাষ্ট্রের 'Texas Tech University'তে অধ্যয়নের ঘটনাত্তোর অনুমোদন প্রদান করা হয়। পরবর্তীতে এ বিভাগ হতে ১৪-০২-২০১৮ খ্রিষ্টাব্দে যুক্তরাষ্ট্রের 'Texas Tech University'-এ পিএইচডি কোর্স সম্পন্ন করার নিমিত্ত ১২-০৮-২০১৭ তারিখ হতে ৩(তিন) বছরের জন্য প্রেষণের ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়। গত ১৮-১০-২০২০ তারিখে পূর্বের প্রেষণের ধারাবাহিকতায় তার প্রেষণের মেয়াদ ১২-০৮-২০২০ তারিখ হতে ১১-০৮-২০২১ তারিখ পর্যন্ত আরও ০১(এক) বছরের জন্য ভূতাপেক্ষভাবে বর্ধিত করা হয়;

০৩। যেহেতু, তিনি ২১-০৭-২০২১ তারিখে পুনরায় প্রেষণের মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করেন। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে ১৩-১০-২০২১ তারিখে তাকে দেশে প্রত্যাবর্তনপূর্বক চাকরিতে যোগদান করার জন্য আদেশ দেয়া হয়। কিন্তু অদ্যাবধি তিনি কাজে যোগদান করেননি এবং বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

০৪। যেহেতু, কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী 'অসদাচরণ' এবং একই বিধিমালার বিধি ৩(গ) অনুযায়ী "পলায়ন (ডিজারশন)" এর অভিযোগে অভিযুক্ত করে কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা (মামলা নং-০২/২০২৩) দায়ের করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণী কর্মকর্তার নিকট প্রেরণ করা হলেও তিনি উক্ত নোটিশের কোনো জবাব প্রদান করেননি।

০৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার নিকট হতে কোনো জবাব না পাওয়ায় ডাক ও টেলিযোগাযোগ বিভাগের যুগ্মসচিব জনাব প্রিয়সিন্ধু তালুকদার-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তিনি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক 'ডিজারশন' এর অভিযোগ প্রমাণিত মর্মে অভিমত প্রকাশ করেন। এ বিষয়ে অভিযুক্ত কর্মকর্তা জনাব বিশ্বজিৎ রায়-কে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। কিন্তু অভিযুক্ত কর্মকর্তার পক্ষ থেকে কোন জবাব পাওয়া যায়নি।

০৬। যেহেতু, জনাব বিশ্বজিৎ রায় (২২৫০), বিভাগীয় প্রকৌশলী (চ: দা:), টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও "পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি মোতাবেক "চাকরি হতে বরখাস্তকরণ" এর সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পৃষ্ঠা-০২

০৭। যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি) এর ০৪ এপ্রিল ২০২৪ তারিখের ৮০.০০.০০০০.১১১.৩৪.০০২.২০২৪-২৫ নং স্মারকে বর্ণিত কর্মকর্তাকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service)" এর বিষয়ে এ বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করা হয়;

০৮। যেহেতু, জনাব বিশ্বজিৎ রায় (২২৫০)-কে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service)" এর প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি প্রদান করেছেন;

০৯। সেহেতু, জনাব বিশ্বজিৎ রায় (২২৫০), বিভাগীয় প্রকৌশলী (চ: দা:), টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা-কে বিনানুমতিতে নিজকর্মে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১২/০৮/২০২১ খ্রিষ্টাব্দ থেকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধিমতে যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন" এর অপরাধে একই বিধিমালার ৪ (৩) (ঘ) মোতাবেক "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service)" দন্ড প্রদান করা হলো।

১০। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আবু হেনা মোরশেদ জামান
সচিব

নং-১৪.০০.০০০০.০০৮.২৭.০২৮.২৩.৭০

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ।
১৪ মে ২০২৪ খ্রিষ্টাব্দ।

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
(স্মারক নং-৮০.০০.০০০০.১১১.৩৪.০০২.২০২৪-২৫, তারিখ: ০৪ এপ্রিল ২০২৪ এর আলোকে)
২। মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
(কর্মকর্তার স্থায়ী ও সর্বশেষ জ্ঞাত ঠিকানায় আদেশটি প্রেরণের অনুরোধসহ)
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড, ৩৭/ই ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৪। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তার ও দুরালাপনী, সেগুনবাগিচা, ঢাকা।
৬। জনাব বিশ্বজিৎ রায় (২২৫০), বিভাগীয় প্রকৌশলী (চ: দা:), টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮ তেজগাঁও, ঢাকা।
৭। প্রোগ্রামার, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

14.05.2024
শারমিন সুলতানা
উপসচিব